



অঙ্কুর

স্ট্রম ফাউন্ডেশনের সহায়তায় কোস্ট ট্রাস্ট কর্তৃক পরিচালিত সিডস প্রকল্প কার্যক্রমের মাসিক বুলেটিন, এপ্রিল ২০১৭ বৈশাখ ১৪২৪

ইউনিয়ন পরিষদের সাথে সিডস কর্মসূচির ওয়ার্ড কমিটির
পরিকল্পনা শেয়ারিং সভা অনুষ্ঠিত হয়



কাউয়ারখোপ ইউনিয়নে ওয়ার্ড কমিটির পরিকল্পনা শেয়ারিং
সভা

সিডস কর্মসূচির আওতাধীন কক্সবাজার সদর, রামু এবং
পেকুয়া উপজেলার ওয়ার্ড পর্যায়ের জনসংগঠন গুলো তাদের
উন্নয়ন পরিকল্পনা স্ব-স্ব ইউনিয়ন পরিষদের সাথে শেয়ার
করেন। ইউনিয়ন পরিষদে সভার মধ্য দিয়ে ওয়ার্ড কমিটির
উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে ইউনিয়ন পরিষদ হতে সম্ভাব্য
সহায়তা প্রাপ্তির বিষয় সমূহ তুলে ধরা হয়।

রামু উপজেলায় ১৯ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখে কাউয়ার
খোপ ইউনিয়নে এবং ২০ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখে
ফতেখাঁরকুল ইউনিয়নে সভা সমূহ অনুষ্ঠিত হয়। পেকুয়া
উপজেলায় ২২ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখে টইটং ইউনিয়নে
এবং ২৩ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখে উজানটিয়া ইউনিয়নে
সভা সমূহ অনুষ্ঠিত হয়। কক্সবাজার সদর উপজেলায় ২৬
এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখে চৌফলদাডি ইউনিয়নে এবং ২৭
এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখে খুবুশকুল ইউনিয়নে সভা সমূহ
অনুষ্ঠিত হয়। সভা সমূহ অনুষ্ঠিত হয় ইউনিয়ন পরিষদ হল
রুমে। সভা গুলোতে উপস্থিত ছিলেন ইউনিয়ন পরিষদের
চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ সদস্য গণ, সচিব, স্থানীয়
সম্মানিত ব্যক্তিবর্গ এবং সিডস কর্মসূচির ওয়ার্ড কমিটির
নেতৃবৃন্দ। চেয়ারম্যান গণ ওয়ার্ড কমিটির পাশে আছেন এবং
সবসময় থাকবেন এবং ওয়ার্ড কমিটি তাদের সমস্যা সম্পর্কে
জানাতে তারা সমাধানের জন্য যথাসাধ্য চেষ্টা করবেন বলে
আশাবাদ ব্যক্ত করেন।

সিডস কর্মসূচির ওয়ার্ড কমিটির সদস্যদের নেতৃত্ব উন্নয়ন
প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে

কক্সবাজার সদর, রামু এবং পেকুয়া উপজেলার সিডস
কর্মসূচির আওতাধীন ওয়ার্ড কমিটির নেতৃবৃন্দের নেতৃত্ব
উন্নয়ন প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ১২ এপ্রিল ২০১৭ খ্রিঃ
তারিখে রামু উপজেলার ফতেখাঁরকুল, রাজারকুল, কাউয়ার
খোপ এবং গর্জনীয়া ইউনিয়নের ১৬ টি ওয়ার্ড কমিটির ৩২
জন সদস্য এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

১৭ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখে পেকুয়া উপজেলার
শিলখালি, টইটং, উজানটিয়া, মগনামা ইউনিয়নের ১৩টি



প্রশিক্ষণে রোল প্লে করছেন ওয়ার্ড কমিটির নেতৃবৃন্দ

ওয়ার্ড কমিটির ২৬ জন সদস্য এ প্রশিক্ষণে অংশগ্রহণ
করেন। ২৬ এপ্রিল ২০১৭ খ্রিঃ তারিখে কক্সবাজার সদর
উপজেলার খুবুশকুল, চৌফলদাডি, ভারুয়াখালি এবং
ইসলামপুর ইউনিয়নের ৯টি ওয়ার্ড কমিটির ২৩ জন সদস্য এ
প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে সদস্যদের মধ্যে
সাহসের সঞ্চারণ হয়েছে। একজন আদর্শ নেতার গুণাবলি,
বৈশিষ্ট্য এবং নেতৃত্বের বিকাশ কিভাবে হয় প্রভৃতি বিষয়ে
প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা জানতে পেরেছেন।

সিডস কর্মসূচির ১২টি ইউনিয়নে সফল ভাবে চলছে হাঁস,
মুরগী ও কবুতরের টিকাদান কর্মসূচি



টইটং ইউনিয়নে হাঁস, মুরগী এবং কবুতর গুলোকে টিকা প্রদান করছেন কমিউনিটি ভিত্তিক সেবাদান কারী গণ

সিডস কর্মসূচির আওতাধীন কক্সবাজার সদর, রামু এবং পেকুয়া উপজেলার ১২টি ইউনিয়নে কমিউনিটি ভিত্তিক সেবাদানকারী এবং ওয়ার্ড কমিটির উদ্যোগে এলাকার হাঁস, মুরগী এবং কবুতর গুলোকে বিনামূল্যে রানীক্ষেত ও ড্রাগপ্লেগ এর টিকা দেয়া হয়।

পেকুয়া উপজেলা সেবাদানকারী সংগঠনের দ্বিমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে



সভায় বক্তব্য রাখছেন পেকুয়া উপজেরা সেবাদানকারী সংগঠনের সভাপতি ডাঃ আবদুল জাব্বার

পেকুয়া উপজেলার সেবাদানকারী সংগঠনের দ্বিমাসিক সমন্বয় সভা পেকুয়া উপজেলা সিডস প্রকল্প অফিসে অনুষ্ঠিত হয়। এতে সংগঠনের ১৩ জন সদস্য উপস্থিত ছিলেন। সভায় সংগঠনের গঠনতন্ত্র, হিসাব ব্যবস্থাপনা প্রভৃতি বিষয়ে আলোচনা করা হয়।

ওয়ার্ড পর্যায়ে জনসংগঠনের দ্বিমাসিক সমন্বয় সভা সম্পন্ন হয়েছে



ওয়ার্ড কমিটির কার্যক্রম সম্পর্কে এবং তাদের পরিকল্পনা আলোচনা করছেন কাউয়ার খোঁপ এনং ওয়ার্ড কমিটির সভাপতি সাবেকুন নাহার

সিডস কর্মসূচির ১২টি ইউনিয়নে ৩৮টি ওয়ার্ড কমিটি আছে, যারা স্থানীয় জনসংগঠন হিসেবে গড়ে উঠছে। এ কমিটি তাদের এলাকার সমস্যা সমূহ চিহ্নিত করে সমাধানে কার্যকর ভূমিকা পালন করে আসছে। সামাজিক কর্মকাণ্ডে সক্রিয় ভাবে অংশগ্রহণ করছে, এসআরজি এর কার্যক্রম সমূহ মনিটরিং করে থাকেন এবং নিজেদের মধ্যে দ্বন্দ্ব দেখা দিলে সমাধানে উদ্যোগ গ্রহণ করেন এবং বিভিন্ন সরকারী, বেসরকারী

প্রতিষ্ঠান হতে সেবা আদায়ে কর্তব্যকর ভূমিকা পালন করে থাকেন।

পিয়ার ফ্যাসিলিটেটরদের নেতৃত্ব উন্নয়ন প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে



পিয়ার ফ্যাসিলিটেটরদের নেতৃত্ব উন্নয়নের লক্ষ্যে ২ দিন ব্যাপী লিডারশীপ প্রশিক্ষণের আয়োজন করা হয়। রামু ও কক্সবাজার সদরে এই প্রশিক্ষণ সম্পন্ন হয়। সর্বমোট ১৮ জন কিশোরী এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। জীবন দক্ষতার বিভিন্ন বিষয় ও সেশন পরিচালনার বিভিন্ন ধাপ নিয়ে আলোচনা করা হয় ২ দিন ব্যাপি এই প্রশিক্ষণে। অংশগ্রহণকারী কিশোরীরা ১ বছর সংলাপ পরিচালনার অভিজ্ঞতা অর্জন করে এবং পরবর্তী ১ বছর তাদের করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করে। এর পাশাপাশি দক্ষতা ও নেতৃত্ব উন্নয়নের বিভিন্ন দিক তুলে ধরা হয়।

প্রাক প্রাথমিক সহায়কদের মৌলিক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে



প্রাক প্রাথমিক সহায়কদের মৌলিক প্রশিক্ষণ

প্রাক প্রাথমিক সহায়কদের ক্লাস পরিচালনা ও আনন্দমুখর পরিবেশে শিক্ষাদানের লক্ষ্যে ৬ দিন ব্যাপি প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণে ৭ জন প্রাক প্রাথমিক সহায়ক অংশগ্রহণ করে। যথাযথভাবে শ্রেণী পরিচালনা ও আনন্দমুখর পরিবেশ সৃষ্টি করার কৌশল শেখানো ছিল এই প্রশিক্ষণের মূল উদ্দেশ্য।

এই প্রকাশনাটি তৈরীতে প্রকল্পের সকল পর্যায়ের সহকর্মীগণ তথ্য এবং ছবি দিয়ে সহযোগিতা করেছেন।

সিডস প্রোগ্রাম, কোস্ট কক্সবাজার ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্র।
ফোন: ০৩৪১-৬৩১৮৬, ফ্যাক্স: ০৩৪১-৬৩১৮৯, মোবাইল: ০১৭১৩-৩২৮৮২৭।
ই-মেইল:

web: www.coastbd.net